# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ১১. যোহন বাপ্তাইজকের গ্রেফতারের পূর্বে না পরে?

ইঞ্জিলগুলো উল্লেখ করেছে যে, যোহন বাপ্তাইজক বা ইয়াহিয়ার নিকট বাপ্তিস্ম গ্রহণের মাধ্যমে যীশুর দায়িত্বলাভ ও প্রচারকার্য শুরু। তবে যীশুর জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সূচনার বিষয়ে ইঞ্জিলগুলো সাংঘর্ষিক তথ্য প্রদান করেছে। মার্ক লেখেছেন যে, যোহন বাপ্তাইজক (বাপ্তিস্মদাতা ইয়াহিয়া) কারারুদ্ধ হওয়ার পরে যীশু প্রচার শুরু করলেন: ‘‘আর ইয়াহিয়াকে কারাগারে নেওয়ার পর ঈসা গালীলে এসে আল্লাহ্র সুসমাচার তবলিগ করে বলতে লাগলেন...।’’ (মার্ক ১/১৪, মো.-১৩)

এর বিপরীতে যোহন লেখেছেন যে, যোহন বাপ্তাইজক বা ইয়াহিয়া কারারুদ্ধ হওয়ার আগেই যীশু প্রচার শুরু করলেন: ‘‘তারপর ঈসা ও তাঁর সাহাবীরা এহুদিয়া দেশে আসলেন, আর তিনি সেখানে তাঁদের সঙ্গে থাকলেন এবং বাপ্তিস্ম দিতে লাগলেন। আর ইয়াহিয়াও শালীমের নিকটবর্তী ঐনোন নামে একটা স্থানে বাপ্তিস্ম দিচ্ছিলেন, কারণ সেই স্থানে অনেক পানি ছিল; আর লোকেরা এসে বাপ্তিস্ম গ্রহণ করতো, কারণ তখনও ইয়াহিয়া কারাগারে নিক্ষিপ্ত হননি।’’ (ইউহোন্না/ যোহন ৩/২২-২৪, মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14007

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন